রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ২১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৩, ২০১৯

সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৫—২৬১ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৪৯—৫৮৮ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৪০৯—২৪২০ | (৬) ...........................তারিখে সমাপ্ত বাৎসরিক মহা-পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাৎসরিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ বৈশাখ ১৪২৬/১৫ এপ্রিল ২০১৯

**নং ০৫.১৪৬.১১.০০.০০.০৩৯.২০১০(অংশ-১)-১৭৬**—গত ২৩ নভেম্বর ২০০৮ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক বৈদেশিক চাকরিতে বাংলাদেশি নাগরিকদের নিয়োগ/লিয়েন সম্পর্কিত বিদ্যমান নীতি ও পদ্ধতি বিষয়ক সর্বশেষ প্রণীত সংশোধিত খসড়া নীতিমালাটি অধিকতর পরীক্ষা-নিরীক্ষার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৩ মার্চ ২০০৮ তারিখের সম(বৈ:নি)/বৈদেশিক নিয়োগনীতি/ ১২/২০০৩-৬১ এবং গত ০৭ মে ২০০৯ তারিখের সম(বৈঃনি)/ বৈদেশিক নিয়োগনীতি/১২/২০০৩-১১১ নং প্রজ্ঞাপনে গঠিত নিম্নবর্ণিত কমিটি পুনর্বহাল করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব, (এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়

(৩) অতিরিক্ত সচিব, (বিধি), জনপ্রশাসন মন্ত্রণালয়

(৪) অতিরিক্ত সচিব, (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়

(৫) মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব

(৬) অর্থ বিভাগের অতিরিক্ত সচিব/যুগ্মসচিব

**সদস্য-সচিব**

(৭) যুগ্মসচিব (প্রেষণ/চুক্তি ও বৈদেশিক নিয়োগ অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়

২। উক্ত কমিটি আগামী ২০ জুলাই ২০১৯ তারিখের মধ্যে বৈদেশিক চাকরিতে বাংলাদেশি নাগরিকদের নিয়োগ/লিয়েন সম্পর্কিত বিদ্যমান নীতি ও পদ্ধতি বিষয়ক সর্বশেষ প্রণীত খসড়া নীতিমালাটি অধিকতর পরীক্ষা-নিরীক্ষা করে চূড়ান্ত খসড়া নীতিমালা প্রণয়নপূর্বক দাখিল করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলিয়া মেহের**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**ঊর্ধ্বতন নিয়োগ-২ শাখা**

**শোক বার্তা**

তারিখ: ১৯ চৈত্র ১৪২৫/০২ এপ্রিল ২০১৯

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.১৭১.১১-৩৯৬**—তথ্য মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ শফিকুল ইসলাম (পরিচিতি নং-৫৩২১) গত ০৫ মার্চ ২০১৯ তারিখ মঙ্গলবার সকাল ১১:৩১ ঘটিকার সময় ভারতের কলকাতায় টাটা মেডিকেল সেন্টারে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)।

২। জনাব মোঃ শফিকুল ইসলাম ০১ জুন ১৯৬৩ তারিখে সিলেট জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২০ ডিসেম্বর ১৯৮৯ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ০৭ সেপ্টেম্বর ২০০৯ তারিখে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি সর্বশেষ তথ্য মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে কর্মরত ছিলেন।

৩। জনাব মোঃ শফিকুল ইসলাম তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব মোঃ শফিকুল ইসলাম এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

**শোক বার্তা**

তারিখ: ২০ চৈত্র ১৪২৫/০৩ এপ্রিল ২০১৯

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.০১৯.১৫-৩৯৮**—গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব বেগম সাবরিনা শারমিন জামান (পরিচিতি নং-৬৭৬৮) গত ০১ এপ্রিল ২০১৯ তারিখ সোমবার বিকাল ৫:৫০ ঘটিকার সময় এ্যাপোলো হাসপাতাল, ঢাকায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহে ওয়া ইন্না ইলাহে রাজেউন)।

২। বেগম সাবরিনা শারমিন জামান ২৬ জুন ১৯৭৪ তারিখে গোপালগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২৫ মে ২০০১ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ০৬ এপ্রিল ২০১৫ তারিখে সরকারের উপসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। তিনি সর্বশেষ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে কর্মরত ছিলেন।

৩। বেগম সাবরিনা শারমিন জামান তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্বামী, এক পুত্র ও এক কন্যাসহ আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেগম সাবরিনা শারমিন জামান এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তার রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[শুল্ক]**

**বিশেষ আদেশ**

তারিখ : ২৭ চৈত্র ১৪২৫/১০ এপ্রিল ২০১৯

**নং ০৬৬/২০১৯/শুল্ক/২০০**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বেনাপোল স্থলবন্দরস্থ মেসার্স বি.এইচ. ট্রেডার্স নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-০১, তাং-২২-০২-১২) বিপরীতে ২০১৮-১৯ অর্থবছরের জন্য নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হলো।

| ক্রমিক নং | পণ্যের নাম | আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১. | লিকার ও অন্যান্য ড্রিংকস | ১,২০,০০০.০০ মাঃ ডঃ |
| ২. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩,৩৫,০০০.০০ মাঃ ডঃ |
| ৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ | ১০,০০০.০০ মাঃ ডঃ |
| ৪. | খাদ্য সামগ্রী/টয়লেট্রিজ, ইলেকট্রিক্স ও অন্যান্য | ১০,০০০.০০ মাঃ ডঃ |
| | সর্বমোট= | ৪,৭৫,০০০.০০ মাঃ ডঃ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**

**প্রশাসন শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ এপ্রিল ২০১৯

**নং ০৭.০০.০০০০.০৮৩.১২.০৩৩.১৮-২৪৭**— জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭ জানুয়ারি ২০১১ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী অর্থ বিভাগের ফিন্যান্সিয়াল সিস্টেম ম্যানেজমেন্ট ইউনিট (এফএসএমইউ) এ কর্মরত ৪র্থ গ্রেড হতে ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি প্রদানের জন্য নিম্নরূপভাবে একটি 'বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি' গঠন করা হলো :

**সভাপতি**

১. সচিব, অর্থ বিভাগ

**সদস্যবৃন্দ**

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব

৩. যুগ্মসচিব (বাজেট-১), অর্থ বিভাগ

**সদস্য-সচিব**

৪. যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম কবির**
সিনিয়র সহকারী সচিব।

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

## পর্যটন শাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ: ০৯ এপ্রিল ২০১৯

**নং ৩০.০০.০০০০.০১৫.১১.০৪১.২০০৩(অংশ)-২০৩(১১)**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক মেজর জেনারেল মোঃ হাবিবুর রহমান খান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেজপা) সাবেক নির্বাহী চেয়ারম্যান এর স্থলে মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম, বিপি, এসপিপি, এনডিসি, পিএসসি, বেজপা এর বর্তমান নির্বাহী চেয়ারম্যান-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদে পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অঞ্জনা খান মজলিশ**
উপসচিব।

---

## বিমান অধিশাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৪ বৈশাখ ১৪২৬/১৭ এপ্রিল ২০১৯

**নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০২৬.১৮-৩৭০**—হজ্জযাত্রী পরিবহন কার্যক্রম-২০১৯ সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও মনিটরিংয়ের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১. জনাব মিজানুর রহমান, অতিরিক্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৩. যুগ্মসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৪. পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর

৫. পরিচালক, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

৬. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

৭. প্রতিনিধি, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স

৮. সভাপতি/সাধারণ সম্পাদক, হাব

৯. সভাপতি/সাধারণ সম্পাদক, আটাব

**সদস্য-সচিব**

১০. পরিচালক (হজ্জ), আশকোনা, ঢাকা

**কার্যপরিধি :**

(১) হজ্জ ফ্লাইটের টিকেট বিক্রয় ও ভিসা প্রাপ্তির লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপন্থা নির্ধারণ ও বাস্তবায়ন করে প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করবে;

(২) হজ্জ ফ্লাইট মনিটরিং ও পরিচালনার সহায়তা করবে;

(৩) হজ্জ এজেন্সিসমূহের নিকট সরাসরি টিকেট বিক্রয় নিশ্চিত করবে;

(৪) হজ্জ ক্যাম্পে হাজীদের প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং নির্ধারিত তারিখে হাজীদের বিমানবন্দরে প্রেরণ ও ইমিগ্রেশন প্রভৃতি কাজে সহায়তা করবে; এবং

(৫) কমিটি প্রতি সপ্তাহের রবিবার সভায় মিলিত হয়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে। বাস্তবায়ন অগ্রগতি সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করবে।

**নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০২৬.১৮-৩৮৮/১**—২০১৯ সালের হজ্জযাত্রী পরিবহন কার্যক্রম তদারিক, সমন্বয়, নির্বিঘ্ন ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে নির্দেশক্রমে হজ্জ টাস্কফোর্স-২০১৯ গঠন করা হলো :

**আহ্বায়ক**

১. সদস্য (প্রশাসন) ও অতিরিক্ত সচিব, বেবিচক

**সদস্যবৃন্দ**

২. যুগ্মসচিব, (বিমান) এ মন্ত্রণালয়

৩. পরিচালক (হজ্জ অফিস), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৪. উপসচিব (হজ্জ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৫. উপসচিব (বহিরাগমন-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

৬. উপসচিব (হাসপাতাল-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৭. পরিচালক (গ্রাহক সেবা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

৮. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর

৯. ডেপুটি কমিশনার অব কাস্টমস, হশাআবি

(১০) কান্ট্রি ম্যানেজার, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স

(১১) প্রতিনিধি, হাব

(১২) প্রতিনিধি, আটাব

**কার্যপরিধি :**

(১) 'হজ্জ ফ্লাইট-২০১৯' এর সিডিউল অনুযায়ী হজ্জ পূর্ব (Pre-Hajj) এবং হজ্জ-উত্তর (Post-Hajj) হজ্জযাত্রীদের বহনকারী উড়োজাহাজ চলাচল তদারিক;

(২) সিডিউল অনুযায়ী হজ্জযাত্রীদের যাতায়াতে কোন অসুবিধা/বিঘ্ন দেখা দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাৎক্ষণিকভাবে অবহিতকরণপূর্বক তা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(৩) হজ্জ টাস্কফোর্স-২০১৯ হজ্জযাত্রী পরিবহন কার্যক্রমের প্রস্তুতি/পরিচালনা সমন্বয়ের লক্ষ্যে প্রতিমাসে ন্যূনতম দু'টি সভা করে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল;

(৪) হজ্জযাত্রীদের নির্বিঘ্নে হজ্জে গমন ও দেশে প্রত্যাবর্তন সম্পন্ন না হওয়া পর্যন্ত টাস্কফোর্সের কার্যক্রম অব্যাহত

থাকবে এবং দায়িত্ব-শেষে এ বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ;

(৫) প্রতিবেদনের মাধ্যমে মন্ত্রণালয়কে কমিটির কার্যক্রম সম্পর্কে নিয়মিত অবহিতকরণ; এবং

(৬) টাস্কফোর্স প্রয়োজনে যে কোন সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাবেরা আক্তার**
উপসচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**

**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ বৈশাখ ১৪২৬/১৭ এপ্রিল ২০১৯

**নং ৫৪.০০.০০০০.০২৩.২৭.০৬.১৬-৮৮**—জনাব মোছাঃ রাশিদা সুলতানা গনি, পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (প্রাক্তন অতিরিক্ত চীফ কমার্শিয়াল ম্যানেজার/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম) এর বিরুদ্ধে বাংলাদেশ রেলওয়েতে ১২১ টি সুইপার পদে সরাসরি নিয়োগের জন্য গঠিত নির্বাচনী কমিটির আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালনকালে সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন কোটা না মেনে অনিয়মতান্ত্রিকভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার অভিযোগ পাওয়া যায়। উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ৩০-০৬-২০১৬ তারিখের ৫৪.০০.০০০০.০২৩.২৭.০৬.১৬-১৩৮ নং স্মারক মূলে তার কৈফিয়ত তলব করা হয়। জনাব মোছাঃ রাশিদা সুলতানা গনি, অতিরিক্ত চীফ অপারেটিং সুপারিন্টেনডেন্ট/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী (প্রাক্তন চীফ কমার্শিয়াল ম্যানেজার/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম) উক্ত কৈফিয়ত তলবের লিখিত জবাব দেন। যেহেতু, জনাব মোছাঃ রাশিদা সুলতানা গনি, অতিরিক্ত চীফ অপারেটিং সুপারিন্টেনডেন্ট/ পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী (প্রাক্তন চীফ কমার্শিয়াল ম্যানেজার/ পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম) এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক তদন্ত হয় এবং প্রাথমিক তদন্তের ভিত্তিতে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা গঠন করা হয়;

যেহেতু, অভিযোগনামা গঠনের পর কারণ দর্শানো নোটিশ জারি করা হয়, অভিযুক্তের লিখিত ও মৌখিক জবাব গ্রহণ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ এর বিষয়ে তদন্তকারী কর্মকর্তার তদন্তে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) সত্যতা উঠে এসেছে;

যেহেতু, অভিযুক্ত সাক্ষ্য প্রমাণ দ্বারা তার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) দায় খন্ডন করতে ব্যর্থ হয়েছেন;

এক্ষণে সেহেতু, জনাব মোছাঃ রাশিদা সুলতানা গনি, অতিরিক্ত চীফ অপারেটিং সুপারিন্টেনডেন্ট/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী (প্রাক্তন চীফ কমার্শিয়াল ম্যানেজার/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

সুতরাং, জনাব মোছাঃ রাশিদা সুলতানা গনি, অতিরিক্ত চীফ অপারেটিং সুপারিন্টেনডেন্ট/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী ১২১ জন সুইপার নিয়োগে সরকারি আদেশ নির্দেশনাকে উপেক্ষা করে নিয়োগ কার্যক্রমে চরম অনিয়ম করেছেন বিধায় এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযুক্ত জনাব মোছাঃ রাশিদা সুলতানা গনি, অতিরিক্ত চীফ অপারেটিং সুপারিন্টেনডেন্ট/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী (প্রাক্তন চীফ কমার্শিয়াল ম্যানেজার/পূর্ব, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম)-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের (Misconduct) অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো। তাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪(২)(ক) অনুযায়ী তাকে 'তিরস্কার' (Censure) দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোফাজ্জেল হোসেন**
সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ বৈশাখ ১৪২৬/১৫ এপ্রিল ২০১৯

**নং ২৩.০০.০০০০.০৯০.১৮.০৪.৯৪-১৪৫**—সামরিক অফিসার আবাসিক প্রকল্প (ডিওএইচএস) কমিটিতে জাজ এ্যাডভোকেট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী-কে অন্তর্ভুক্তিপূর্বক সরকার নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটি পুনর্গঠন করিলেন :

**চেয়ারম্যান**

(ক) সেনাবাহিনী প্রধান

**সদস্যবৃন্দ**

(খ) কোয়ার্টার মাস্টার জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী

(গ) সহকারী নৌবাহিনী প্রধান

(ঘ) সহকারী বিমান বাহিনী প্রধান

(ঙ) সংশ্লিষ্ট এরিয়া কমান্ডার

(চ) জাজ এ্যাডভোকেট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী

(ছ) পরিচালক, চলাচল ও বাসস্থান পরিদপ্তর, সেনাসদর

(জ) সভাপতি, সকল ডিওএইচএস পরিষদ

**সদস্য-সচিব**

(ঝ) মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর

**কমিটির টার্মস অব রেফারেন্স**

(ক) সামরিক অফিসার আবাসিক প্রকল্প প্রণয়ন ও উহা বাস্তবায়নের জন্য সুপারিশকরণ;

(খ) সরকার কর্তৃক সামরিক অফিসার আবাসিক প্রকল্পের অনুমোদিত প্লট বাহিনীত্রয়ের কর্মকর্তাদের মধ্যে বণ্টনের সুপারিশকরণ;

(গ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্লটে বাড়ি নির্মাণের সময়সীমা বর্ধিতকরণের সুপারিশকরণ;

(ঘ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের উন্নয়নমূলক কাজের নীতিমালা প্রণয়ন;

(ঙ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ব্যবস্থাপনার ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে তা সমাধানের জন্য সিদ্ধান্ত গ্রহণ;

(চ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের জমি, প্লট ও ফ্ল্যাট হস্তান্তরের বিষয়ে সরকার কর্তৃক নীতিমালা প্রণয়নের নিমিত্ত সুপারিশকরণ;

(ছ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের জন্য প্রযোজ্য নীতিমালার (যে নীতিমালা অনুসরণ করে ডিওএইচএস এর সকল কার্যক্রম পরিচালিত হবে) খসড়া প্রণয়ন, সংশোধন এবং বাস্তবায়নের লক্ষ্যে সরকারি অনুমোদনের জন্য সুপারিশকরণ;

(জ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের অভ্যন্তরে সামাজিক এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখার জন্য প্রয়োজনীয় লিখিত নির্দেশনা প্রদান;

(ঝ) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্লট পাওয়ার জন্য বিভিন্ন শ্রেণির অফিসারদের যোগ্যতার ব্যাপারে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(ঞ) ডিওএইচএস এর গঠনতন্ত্রের আলোকে ডিওএইচএস পর্ষদসমূহের কার্যক্রম পরিচালনা নিশ্চিত করা; এবং

(ট) সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ব্যাপারে বিবিধ কার্যাবলি সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাশেদা জামান**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**আদেশাবলি**

তারিখ : ২৪ চৈত্র ১৪২৫/০৭ এপ্রিল ২০১৯

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৬.২০১৯-২৫১**—যেহেতু, ডাঃ নির্মল কান্তি সরকার (১১১৭৪০), জুনিয়র কনসালটেন্ট (রেসঃ মেডিসিন বিভাগ), জাতীয় এ্যাজমা সেন্টার, মহাখালী, ঢাকা গত ২৮-০৮-২০১৮ তারিখে ৩৮৪ নম্বর স্মারকে ২৫০ শয্যাবিশিষ্ট সদর হাসপাতাল, শ্যামলী, ঢাকায় বদলি করা হলেও অদ্যাবধি সরকারি আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ১৩-৩-২০১৯ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৬.২০১৯-১৫২ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৪-০৪-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ নির্মল কান্তি সরকার (১১১৭৪০) এর স্বপক্ষে সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করেছেন;

সেহেতু, ডাঃ নির্মল কান্তি সরকার (১১১৭৪০), জুনিয়র কনসালটেন্ট (রেসঃ মেডিসিন বিভাগ), জাতীয় এ্যাজমা সেন্টার, মহাখালী, ঢাকা (বর্তমানে ২৫০ শয্যাবিশিষ্ট টিবি হাসপাতাল, শ্যামলী, ঢাকায় যোগদানকৃত) এর কারণ দর্শানোর জবাব ও কর্তৃপক্ষের নিকট প্রদত্ত ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হওয়ায় এর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৬.২০১৯-২৫২**—যেহেতু, ডাঃ মোঃ ওসমান গনি (১১১৪৩৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা (২৫০ শয্যাবিশিষ্ট টিবি হাসপাতাল, শ্যামলী, ঢাকায় বদলির আদেশাধীন) গত ২৮-০৮-২০১৮ তারিখে ৩৮৪ নম্বর স্মারকে ২৫০ শয্যাবিশিষ্ট সদর হাসপাতাল, শ্যামলী, ঢাকায় বদলি করা হলেও অদ্যাবধি সরকারি আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ১৩-৩-২০১৯ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৬.২০১৯-১৫৩ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৪-০৪-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ মোঃ ওসমান গনি (১১১৪৩৬) এর স্বপক্ষে সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করেছেন;

সেহেতু, ডাঃ মোঃ ওসমান গনি (১১১৪৩৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা (২৫০ শয্যাবিশিষ্ট টিবি হাসপাতাল, শ্যামলী, ঢাকায় বদলির আদেশাধীন) বদলিকৃত কর্মস্থলে অদ্যাবধি যোগদান না করলেও তিনি পূর্বের কর্মস্থল ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতালে কর্মরত আছেন এবং তার কর্তৃপক্ষের নির্দেশ মেনে চলার কারণে যোগদানে ব্যর্থ হন। সার্বিক বিবেচনায় ডাঃ মোঃ ওসমান গনি (১১১৪৩৬) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং মামলাটি নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

---

**(বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ চৈত্র ১৪২৫/০৪ এপ্রিল ২০১৯

**নং ৪৫.১৬২.১১৬.০০.০০.০২৬.২০১৮-৭৫১**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ০৫-০৮-২০১৪ খ্রিঃ তারিখের ৩৯১ প্রজ্ঞাপনের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নিম্নবর্ণিত সদস্যবর্গের সমন্বয়ে 'বাংলাদেশ ন্যাশনাল কাউন্সিল ফর দি ব্লাইন্ড (BNCB)'-এর কাউন্সিল পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সহসভাপতি**

২. মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

৬. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর

৭. মহাপরিচালক, সমাজ কল্যাণ অধিদপ্তর

৮. চেয়ারম্যান, বাংলাদেশ মেডিকেল রিসার্স কাউন্সিল

৯. অধ্যাপক ডাঃ দীন মোঃ নূরুল হক, সাবেক মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং প্রখ্যাত সিনিয়র চক্ষু বিশেষজ্ঞ

১০. চেয়ারম্যান, IAPB বাংলাদেশ পার্ট এবং অতিরিক্ত মহাপরিচালক (প্লানিং), স্বাস্থ্য অধিদপ্তর

১১. সভাপতি, বি, এম, এ

১২. সেক্রেটারী জেনারেল, বি, এম, এ

১৩. সভাপতি, অফথ্যালমোলজীক্যাল সোসাইটি অফ বাংলাদেশ

১৪. সভাপতি, এশিয়া প্যাসিফিক একাডেমি অফ অফথ্যালমোলজী

১৫. অধ্যাপক ও বিভাগীয় প্রধান (চক্ষু), ২(দুই)টি সরকারি মেডিকেল কলেজ

১৬. অধ্যাপক ও বিভাগীয় প্রধান (চক্ষু), ২(দুই)টি বেসরকারি মেডিকেল কলেজ

১৭. সভাপতি, বাংলাদেশ একাডেমি অফ অফথ্যালমোলজী

১৮. চেয়ারম্যান, কমিউনিটি অফথ্যালমোলজী বিভাগ, বি এস এম এম ইউ

১৯. অধ্যাপক ও বিভাগীয় প্রধান (চক্ষু), ইব্রাহিম মেডিকেল কলেজ ও বারডেম হাসপাতাল

২০. কান্ট্রি ডিরেক্টর, সাইট সেভার্স

২১. কান্ট্রি ডিরেক্টর, অরবিস ইন্টারন্যাশনাল

২২. কান্ট্রি ডিরেক্টর, হেলেন কিলার ইন্টারন্যাশনাল

২৩. কান্ট্রি প্রোগ্রাম ম্যানেজার, দি ফ্রেড হলোস ফাউন্ডেশন

২৪. কান্ট্রি রিপ্রেজনটেটিভ, সিবিএম

২৫. ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন এর একজন প্রতিনিধি

২৬. জে এল ভৌমিক, বেসরকারি সেবামূলক চক্ষু হাসপাতালের প্রতিনিধি

২৭. জনাব নাঈমুর রহমান, বিশিষ্ট সাংবাদিক

২৮. অধ্যাপক মেজবাহ কামাল, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় (সুশীল সমাজের প্রতিনিধি)

২৯. জনাব মোঃ মোতাহার হোসেন সাজু, ডেপুটি এটর্নী জেনারেল, সুপ্রিম কোর্ট প্রাঙ্গন

**সদস্য-সচিব**

৩০. লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার এবং পরিচালক ও অধ্যাপক, জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা

২। **মেয়াদ :** কাউন্সিলের মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ৩(তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। **তহবিল ও অর্থ সংস্থান :** কাউন্সিলের নিজস্ব বাজেট থাকবে। এটি সরকারি, স্থানীয় ও বিদেশি অনুদান/মঞ্জুরী এবং

সরকার অনুমোদিত অন্য কোন উৎস হতে প্রাপ্ত অর্থ দ্বারা পরিচালিত হবে।

৪। কাউন্সিল বছরে ন্যূনতম ২(দুই) বার সভায় মিলিত হবেন এবং এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

৫। **কার্যপরিধি :**

(ক) অন্ধত্ব দূরীকরণ এবং অন্ধ ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম সম্প্রসারণের ক্ষেত্রে সরকারকে পরামর্শ প্রদান;

(খ) সমন্বিত অন্ধত্ব দূরীকরণ কর্মসূচি অনুমোদন এবং এ বিষয়ে নীতিমালা নির্ধারণ;

(গ) পুষ্টিহীনতা ও অন্যান্য কারণজনিত অন্ধত্ব হতে শিশুদের সুরক্ষা জোরদারকরণ;

(ঘ) অন্ধত্ব প্রতিরোধমূলক ব্যবস্থাকে শক্তিশালীকরণ;

(ঙ) অন্ধ ব্যক্তিদের কল্যাণমুখী পুনর্বাসনের লক্ষ্যে শিক্ষা ও প্রশিক্ষণমূলক কার্যক্রমের সুযোগ বৃদ্ধি এবং এ ধরনের প্রশিক্ষণমূলক কর্মসূচিকে শক্তিশালীকরণ;

(চ) দৃষ্টিশক্তি প্রতিবন্ধীদের কর্মসংস্থান শক্তিশালীকরণ;

(ছ) কাউন্সিলের একটি নির্বাহী কমিটি থাকবে যা কাউন্সিল কর্তৃক গঠিত হবে;

(জ) সরকার কর্তৃক প্রদত্ত অন্য কোন দায়িত্ব।

৬। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ সাইফুল্লাহিল আজম**
যুগ্মসচিব।